

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.rajbari.gov.bd

স্মারক নম্বর- ৫১.০১.৮২০০.০০০.৪২.২৩৩.২২-৬৮৫

২৭ অগ্রহায়ণ ১৪৩০
তারিখ :-----
১২ ডিসেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে জাটকা আহরণ নিষিদ্ধকালীন সময়ে জাটকা আহরণে বিরত থাকা জেলে পরিবারের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ভিজিএফ (চাল) খাদ্য সহায়তা উপবরাদ্দ প্রদান।

সূত্র: ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য-২ অধিশাখা, ঢাকা এর স্মারক নং- ৩৩.০০.০০০০.১২৭.২০.০১২.২৩.- ৩৯৬/৩৯৭, তারিখ: ০৬/১২/২০২৩।
২। জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী এর স্মারক নং ৩৩.০২.৮২০০.৪০০.৫৭.০০২.১৯.৪১২, তারিখ: ১১/১২/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে জাটকা আহরণ নিষিদ্ধকালীন সময়ে রাজবাড়ী জেলাধীন ০৪ (চার) টি উপজেলার মোট=৩,২২৯ (তিন হাজার দুইশত উনত্রিশ) টি জেলে পরিবারের জন্য পরিবার প্রতি মাসিক ৪০ (চল্লিশ) কেজি করে ০২ মাসে (ফেব্রুয়ারি-মার্চ) বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে মোট=২৫৮.৩২ (দুইশত আটদশ দশমিক তিন দুই) মেট্রিক টন ভিজিএফ (চাল) খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে। উপজেলার বিভাজন অনুযায়ী নিম্নোক্ত শর্ত মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বরাবর উপবরাদ্দ প্রদান করা হলো।

ক্র. নং	উপজেলার নাম	জাটকা আহরণে সম্পূর্ণ মোট জেলের সংখ্যা	জাটকা আহরণের সম্পূর্ণ বরাদ্দপ্রাপ্ত জেলে পরিবারের সংখ্যা	পরিবার প্রতি ৪০ কেজি হারে ০২ মাসের (ফেব্রুয়ারি-মার্চ) (৪০*২=৮০ কেজি করে বরাদ্দের পরিমাণ (মেট্রিক টন)	মন্তব্য
০১	রাজবাড়ী সদর	২৫০০ জন	১৪২৯ টি	১১৪.৩২	পরিবহন খরচের বিল বাবদ অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলাভিত্তিক উপবরাদ্দ প্রদান করা হবে।
০২	গোয়ালন্দ	২২০০ জন	১২৫৮ টি	১০০.৬৪	
০৩	কালুখালী	৪৪৯ জন	২৫৬ টি	২০.৪৮	
০৪	পাংশা	৫০০ জন	২৮৬ টি	২২.৮৮	
	মোট=	৫৬৪৯ জন	৩২২৯ টি	২৫৮.৩২	


শর্তাবলী:

- ০১। উপজেলা নির্বাহী অফিসার মঞ্জুরীকৃত ভিজিএফ চাল ইলিশ আহরণ নিষিদ্ধকালীন ইলিশ আহরণে বিরত থাকা নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুসরণপূর্বক যথানিয়মে ১৫/০৩/২০২৪ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ/বন্টন সম্পন্ন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার উপবরাদ্দ প্রাপ্তির ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুকূলে ডিও (হাউসপত্র) প্রদান করবেন এবং বিতরণসূচী তৈরী করে সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার উপবরাদ্দ ভিজিএফ (চাল) বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবেন।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার উপবরাদ্দ ভিজিএফ চাল বিতরণ কার্যক্রম শেষে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খাদ্যশস্যের Book Adjustment করার নিমিত্ত বরাদ্দের বিপরীতে প্রকৃত বিতরণকৃত ভিজিএফ বিবরণী মৎস্য অধিদপ্তরে প্রেরণের লক্ষ্যে অত্র কার্যালয়ে প্রেরণ করবেন।
- ০৫। ভিজিএফ (চাল) বিতরণকালে উপজেলা মৎস্য কর্মকর্তা বা তাঁর প্রতিনিধি এবং ট্যাগ অফিসারের উপস্থিতি নিশ্চিত করবেন। উল্লেখ্য নিবন্ধিত/কার্ডধারী জেলে ছাড়া অন্য কাউকে ভিজিএফ প্রদান করা যাবে না।

অ:প:দ:


২২.১২/২৩

- ০৬। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট “কোড নং-১২০০০১৯০৩-৩৭২২১০১
ডিজিএফ কার্যক্রম খাত হতে ব্যয় নির্বাহ হবে।
০৭। এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।


২২-১২-২৩

সৈয়দ আরিফুল হক
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
রাজবাড়ী

ফোন : ০২৪৭-৮৮০৭৬৪৯

email : drrorajbari@ddm.gov.bd

৪
০২/১২/২৬

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর / গোয়ালন্দ / পাংশা / কালুখালী,
রাজবাড়ী

স্মারক নম্বর- ৫১.০১.৮২০০.০০০.৪২.২৩৩.২২-৬৮৫/১(২২)


২৭ অগ্রহায়ণ ১৪৩০

তারিখ :-----

১২ ডিসেম্বর ২০২৩

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২০৯, রাজবাড়ী-১ / নির্বাচনী এলাকা-২১০, রাজবাড়ী-২।
০২। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর / গোয়ালন্দ / পাংশা / কালুখালী, রাজবাড়ী।
০৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী।
০৭। জেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী।
০৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজবাড়ী।
০৯। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর / গোয়ালন্দ / পাংশা / কালুখালী, রাজবাড়ী।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর / গোয়ালন্দ / পাংশা / কালুখালী, রাজবাড়ী।
১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর / গোয়ালন্দ / পাংশা / কালুখালী, রাজবাড়ী।
১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজবাড়ী সদর / গোয়ালন্দ / পাংশা / কালুখালী, রাজবাড়ী।
১৩। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, রাজবাড়ী। (ইহা জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)


২২-১২-২৩

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
রাজবাড়ী

৪
০২/১২/২৬